গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
shibganj.bogra.gov.bd

স্মারক: ০৫.৫০.১০৯৪.০০০.০০০.১১.০০৩৪.২৬. ১১২০

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার-২০২৬ এর তথ্য সংগ্রহকারী পদে নিয়োজিতকরণের লক্ষ্যে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা স্থগিত।

সূত্রঃ সমাজকল্যাণ মন্ত্রণালয় এর স্মারক নং-৪১.০০.০০০০.০০০.০০০.০২৩.০০০১.২৬.৫৫৬, তারখ: ২৮ জুলাই, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিবগঞ্জ উপজেলার পৌরসভা ও সকল ইউনিয়নের এবং মোকামতলা উপজেলার সকল ইউনিয়নের ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার-২০২৬ এর 'তথ্যসংগ্রহকারী' পদে নিয়োজিতকরণের লক্ষ্যে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা স্থগিত করা হলো। পরবর্তীতে সিডিউল জানানো হবে।

সংযুক্তিঃ সূত্র ও স্মারক পত্র- ০১ (এক) পাতা।

২৮/০৭/২৬
(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শিবগঞ্জ, বগুড়া।
ফোন: ০২-৫৮৯৯১১৫০১
ইমেইল: unoshibganjbogra@mopa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, (মাননীয় প্রতিমন্ত্রীর অবহিত করানোর জন্য)।
৩। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
৫। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
৭। সদস্য..................... ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, শিবগঞ্জ, বগুড়া।
৮। অফিস কপি।

২৮/০৭/২৬
(মোঃ আব্দুল মোমিন)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শিবগঞ্জ, বগুড়া।
ফোন: ০২৫৮৯৯১১৫৩৭
ইমেইল:usso.shibganj@dss.gov.bd

CamScanner

২৮/৭/২৬
ফ্যামিলি কার্ড সংক্রান্ত
অতি জরুরি

(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ফ্যামিলি কার্ড কর্মসূচি
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৫৬

তারিখ ১৩আষাঢ়, ১৪৩৩
২৮ জুলাই, ২০২৬

বিষয়: **ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী প্রান্তিক ও নিম্নআয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক 'ফ্যামিলি কার্ড কর্মসূচি' বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় চলতি ২০২৬-২৭ অর্থবছরে দেশব্যাপী সকল পরিবারের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে। ফ্যামিলি কার্ড কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে নির্ভুল তথ্য সংগ্রহ করা আবশ্যক। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তমোতাবেক যোগ্য তথ্য সংগ্রহকারী নির্বাচন করা প্রয়োজন।

**শর্তাবলি:**

(ক) 'ফ্যামিলি কার্ড' কর্মসূচিতে কাজ করতে আগ্রহী/উৎসাহী প্রার্থী;
(খ) শারীরিকভাবে সক্ষম (প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এ শর্ত প্রযোজ্য নয়); এবং
(গ) কম্পিউটার/ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনা করতে সক্ষম।

০২। বর্ণিতাবস্থায়, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম. | কার্যক্রম | সময়সীমা |
|---|---|---|
| ১ | আবেদনকারীর শিক্ষা সনদ এবং অন্যান্য দলিলাদি যাচাই-বাছাই | ২৯-৩০ জুলাই, ২০২৬ |
| ২ | মৌখিক পরীক্ষা | ১-৭ আগস্ট, ২০২৬ |

উল্লেখ্য, যেসকল আবেদনকারী ইতোমধ্যে আবেদন পত্র দাখিল ও মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন তাদের জন্য অনুচ্ছেদ-২ এর শর্ত প্রযোজ্য নয়।

০৩। নির্বাচিত তথ্য সংগ্রহকারী (Enumerator)-দের প্রশিক্ষণ ও অন্যান্য নির্দেশনা বিষয়ে পরবর্তীতে জানানো হবে।

০৪। বিষয়টি অতীব জরুরি।

M. Sayee ২৮/৭/২৬
(মোঃ সাইফুল হক)
উপসচিব
ফোন: ৯৫১১০০৫
E-mail: sss@msw.gov.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
২. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর।
৩. উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার (সকল), সমাজসেবা অধিদফতর।

CamScanner